UNIT 9

# Nouns

LESSON 1

## Kinds of Nouns

*A* নিচের sentence গুলি দেখুন।

Hasan is a boy.
Gold is a precious metal.
Health is wealth.

উপরের sentence গুলির যে সব শব্দের নিচে দাগ দেওয়া হয়েছে তাদের দ্বারা কোনো ব্যক্তি, বস্তু, অবস্থার নাম বোঝাচ্ছে। এ ধরনের শব্দকে বলা হয় noun.

*B* নিচের sentence গুলি দেখুন।

Hasan is a good boy.
Dhaka is the capital of Bangladesh.
The Padma is a big river.

উপরের sentence গুলির যে সব শব্দের নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলি একটি বিশেষ ব্যক্তি, শহর, দেশ, বা নদীর নাম। এ ধরনের noun কে বলা হয় Proper Noun। Proper Noun দ্বারা বিশেষ পর্বত শ্রেণি বা পর্বত চূড়ার নাম, বিশেষ পত্র পত্রিকার নাম, বারের নাম, মাসের নাম, বিখ্যাত ভবনের নাম, বিভিন্ন ধর্মের নাম, ধর্মগ্রন্থের নাম ইত্যাদি বোঝায়। যেমন,
The Himalayas, Everest, The Ittefaq, Sunday, January, The Tajmahal, Islam, Christianity, The Bible, The Holy Quran ইত্যাদি। খেয়াল করে দেখুন, Proper Noun এর প্রথম letter টি Capital হয়।

*C* B তে উল্লিখিত Sentence গুলি আবার দেখুন। Hasan বলতে ব্যক্তি বিশেষকে বোঝায়, কিন্তু boy বলতে যে কোনো বালককেই বোঝায়। সেরকম capital বা river বলতে যে কোনো রাজধানী বা নদীকে বোঝাবে। **যে noun দ্বারা সে জাতীয় সকল ব্যক্তি, বস্তু, প্রাণী ইত্যাদিকে বোঝায় তাকে বলা হয় common noun.** common noun **এর কিছু উদাহরণ দেখুন** :

The cow is a domestic animal.
The boys are taller than the girls.
There are chairs and tables in this room.

*D* নিচের sentence গুলি দেখুন।

He is in class ten.
Our team won the game.
Theirs is a happy family.
The crowd was cheering the leader.

উপরের sentence গুলিতে যে সব noun এর নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলির প্রত্যেকটি দ্বারা একাধিক ব্যক্তিকে বোঝাচ্ছে। যেমন class বললে বোঝায় বেশ কিছু ছাত্র ছাত্রী যারা একসাথে পড়ে। কিন্তু class বললে তাদের পৃথক করে বোঝানো হয় না, বরং class টিকে একটি একক হিসাবে চিন্তা করা হয়। **এ ধরনের noun কে বলা হয় collective noun.** Collective noun এর আরও কিছু নমুনা দেখুন:
police, public, committee, Government, cattle, jury, people, army, navy, etc.

**E** নিচের sentence গুলি দেখুন।

Milk is good for health.
Wood floats on water.
Rice is our staple food.

উপরের sentence গুলির যে যে শব্দের নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলি বিভিন্ন ধরনের বস্তুর নাম। এ সকল বস্তুকে গণনা করা যায় না, কিন্তু মাপা যায়। আমরা বলতে পারি না * a milk, two wood, three water অথবা four rice। কিন্তু আমরা বলতে পারি a litre of milk, two cft of wood, three gallons of water, four kgs of rice। এ ধরনের **noun** কে বলা হয় **material noun. যেহেতু material noun গণনা করা যায় না তাই এর পূর্বে a বা an বসে না এবং এদের plural হয় না।** আরও কিছু material noun এর নমুনা দেখুন: iron, silver, meat, chalk, cloth, bread, wheat, sugar, salt etc.

**F** নিচের sentence গুলি দেখুন।

Honesty is the best policy.
Laughter is good for health.
Always speak the truth.

উপরের sentence গুলিতে যে যে noun এর নিচে দাগ দেওয়া হয়েছে **সেগুলি কোনো গুণ (Quality), অবস্থা (State) বা কাজের (action) নাম। এ ধরনের noun কে বলে abstract noun.** Abstract noun এর আরও কিছু নমুনা দেখুন:

| | | |
|---|---|---|
| Quality | - | wisdom, beauty, cleverness, foolishness etc. |
| State | - | poverty, sorrow, happiness, etc. |
| Action | - | inspection, burglary, decision etc. |

**জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার নামও abstract noun**। যেমন, physics, music, economics, chemistry ইত্যাদি।

**G** নিচের sentence গুলির noun এর নিচে দাগ দিন। Nounটি কোন ধরনের তা লিখুন। (P= Proper, C= Common, CL= Collective, M= Material এবং A= Abstract noun) কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 We are in class ten. (CL)
2 Never tell a lie. (A)
3 Would you like to have a cup of tea? (C)
4 I live in Mymensingh. (P)
5 The cattle are grazing in the field.
6 Solomon was a wise king.
7 The Padma, the Jamuna and the Meghna are our main rivers.
8 Childhood is the happiest part of life.
9 The grocer sells rice, sugar, oil and spices.
10 He joined the army, but his brother joined the navy.
11 The elephant is a large animal.
12 On Friday Rehana went to see her aunt.

**L E S S O N 2**

## Countable and Uncountable Nouns

**A** নিচের Sentence গুলি দেখুন।

1 The girl bought two pencils, an exercise-book, a ruler and two ball-pens.

2 The lady bought ten kgs of rice, one kg of sugar, two litres of oil and two pineapples.

১ নং Sentence এ যে সব Noun ব্যবহার করা হয়েছে তা হচ্ছে girl, pencil, exercise-book, ruler, ball-pen। এদের প্রতেকটিই গণনা করা যায়। **যে সব noun কে গণনা করা যায় তাদের বলা হয় countable nouns**। Countable noun এর বেলায় যখন কেবল একটির কথা বলা হয় তখন তার পূর্বে a বা an বসে। যদি noun টির প্রথম ধ্বনিটি স্বরধ্বনি বা vowel হয় তবে an বসে। যেমন, An orange, an ink-pot, an umbrella ইত্যাদি। যদি প্রথম ধ্বনিটি ব্যঞ্জনধ্বনি বা consonant হয় তবে a বসে যেমন, a book, a cat, a dog, a pen ইত্যাদি। যদি একাধিক countable noun এর কথা বলা হয় তখন noun টির শেষে s বা es যোগ দেওয়া হয়। যেমন, Two boys, many boxes, some mangoes। এ বিষয়ে পরবর্তী lesson এ বিশদ আলোচনা করা হয়েছে।

**B** ২নং Sentence এ যে সকল noun ব্যবহার করা হয়েছে তা হচ্ছে lady, kg, rice, sugar, litre, oil, এবং pineapple। এদের মধ্যে lady, kg, litre এবং pineapple এই চারটি noun countable। এছাড়া **অন্যান্য noun,** যেমন, **rice, sugar, oil** গণনা করা **যায় না। এ জন্য এ ধরনের noun কে বলা হয় uncountable nouns**। **যেহেতু এদের গণনা করা যায় না তাই uncountable nouns এর পূর্বে a অথবা an বসে না এবং এদের plural করা যায় না।**

**C** আমরা পূর্বে যে ৫ রকম noun দেখেছি তাদের মধ্যে কোন কোনটি countable এবং কোন কোনটি uncountable তা দেখা যাক।

Proper noun : যেহেতু proper noun দ্বারা কেবলমাত্র এক ব্যক্তি, বস্তু বা স্থানকে বোঝায় তাই এর বেলায় গণনার প্রশ্ন উঠে না।

Common noun : এটি দ্বারা একজাতীয় সকল প্রাণী, বস্তু, স্থান ইত্যাদি বোঝায়, তাই এটি countable.

Collective noun : এটি countable। আমরা বলতে পারি one class, five classes ইত্যাদি।

Material noun : এটি uncountable.

Abstract noun : এটি uncountable.

**D** নিচের Sentence গুলির মধ্যে শূন্যস্থানে a অথবা an বসান। যদি a বা an এর প্রয়োজন না থাকে তবে x চিহ্ন দিন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 __A__ cow is __an__ animal.
2 __A__ chair is made of __x__ wood.
3 May I have _ _ _ glass of _ _ _ water?
4 He bought _ _ _ shirt, _ _ _ bag and _ _ _ umbrella.
5 _ _ _ wood floats on _ _ _ water, but _ _ iron does not.
6 _ _ _ cat has _ _ _ tail.
7 I can write _ _ _ letter in _ _ _ ink or with_ _ _ pencil.
8 _ _ _ window is made of _ _ _ glass.
9 Do you take _ _ _ sugar in _ _ _ tea?
10 He came here _ _ _ hour ago.
11 _ _ _ orange grows on _ _ _ tree.
12 Please give me _ _ _ milk instead of _ _ _ tea.

## Numbers

*A* আমরা দেখেছি যে countable nouns গণনা করা যায়। এরা এক বা একাধিক হতে পারে। যদি একটি হয় তবে তার পূর্বে a অথবা an বসে। **শব্দটির প্রথম ধ্বনিটি যদি ব্যঞ্জনধ্বনি (consonant) হয় তবে তার পূর্বে a বসে। যেমন, a boy, a cat, a dog, a fox** ইত্যাদি। **যে সব শব্দের প্রথম ধ্বনিটি স্বরধ্বনি (vowel) তার পূর্বে an** বসে। যেমন, an ant, an egg, an ink-pot, an orange, an umbrella ইত্যাদি।

কোনো কোনো সময় শব্দের প্রথম letterটি **'h'** হলে তা অনুচ্চারিত থাকে এবং শব্দটি উচ্চারণের সময় প্রথম ধ্বনিটি স্বরধ্বনি হয়। সে সব শব্দের পূর্বে an ব্যবহৃত হবে। যেমন, an hour, an honest man, an honorary degree ইত্যাদি।

কোনো কোনো সময়ে শব্দের প্রথম letter টি vowel letter (অর্থাৎ a, e, i, o, u) হলেও উচ্চারণে তা consonant 'W' বা 'Y' এর মত উচ্চারিত হয়। সে সব স্থলে an ব্যবহৃত না হয়ে a ব্যবহৃত হয়। যেমন, a university, a European, a one-eyed person ইত্যাদি। খেয়াল রাখা দরকার যে a অথবা an এর ব্যবহার নির্ধারিত হয় পরবর্তী শব্দের উচ্চারণ দ্বারা, বানান দ্বারা নয়।

*B* নিচের Sentence গুলির মধ্যে শূন্যস্থানে a অথবা an বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 __A__ table has four legs.
2 He is __a__ university graduate.
3 I would like to have __an__ apple.
4 He is _ _ _ honourable man.
5 She bought _ _ _ orange coloured sari.
6 _ _ _ cat loves milk.
7 The girl bought _ _ _ ice-cream.
8 He is _ _ _ European, but his wife is _ _ _ Australian.
9 I have been waiting here for _ _ _ hour and _ _ _ half.
10 He has bought _ _ _ water-proof and _ _ _ umbrella.

*C* আমরা দেখেছি যে **countable noun** এক বা একাধিক হতে পারে। একটি হলে তাকে বলে **singular number** এবং একাধিক হলে তাকে বলে **plural number**। নিচের sentence দুটি দেখুন।

A cow is an animal
Cows are animals.

এখানে cow এবং animal কে plural করার জন্য s যোগ দেওয়া হয়েছে। এটাই plural করার সাধারণ নিয়ম। তবে এই 's' এর উচ্চারণ সব সময় 's' এর মত হয় না। যদি শব্দটি 'p', 't' বা 'k' ধ্বনিতে শেষ হয় তবে s এর উচ্চারণ s এর মত হয়। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| cap | caps |
| cup | cups |
| top | tops |
| map | maps |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| bat | bats |
| cat | cats |
| seat | seats |
| mat | mats |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| cake | cakes |
| desk | desks |
| book | books |
| cock | cocks |

**D** তবে শব্দটি যদি 'p', 't', 'k' ছাড়া অন্য consonant ধ্বনিতে বা কোনো vowel ধ্বনিতে শেষ হয় তবে s এর উচ্চারণ সাধারণ z এর মতো হয়। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| dog | dogs |
| boy | boys |
| girl | girls |
| cow | cows |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| pen | pens |
| tree | trees |
| bird | birds |
| picture | pictures |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| teacher | teachers |
| cab | cabs |
| king | kings |
| Queen | Queens |

উপরের সব শব্দে **s** এর উচ্চারণ **z** এর মতো।

**E** যে সব শব্দের শেষে f বা fe আছে সেগুলি plural হলে f বা fe পরিবর্তিত হয়ে ves হয়। এর উচ্চারণ হয় vz এর মতো। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| thief | thieves |
| leaf | leaves |
| life | lives |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| wife | wives |
| wolf | wolves |
| knife | knives |

**F** তবে কোনো কোনো শব্দের বেলায় এই পরিবর্তন করা হয় না। সেখানে কেবলমাত্র s যোগ দেওয়া হয়, যার উচ্চারণও থাকে s এর মতো। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| chief | chiefs |
| roof | roofs |
| proof | proofs |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| belief | beliefs |
| safe | safes |
| gulf | gulfs |

**G** যে সব শব্দের শেষে 'ch', 'j', 's', 'sh', 'z' বা 'x' ধ্বনি আছে সেগুলির সাথে সাধারণত plural এর জন্য es যোগ দেওয়া হয় যার উচ্চারণ হয় iz এর মতো। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| church | churches |
| judge | judges |
| bus | buses |
| box | boxes |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| branch | branches |
| brush | brushes |
| match | matches |
| dish | dishes |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| fox | foxes |
| class | classes |
| bush | bushes |
| rose | roses |

উপরের সব plural শব্দে es এর উচ্চারণ iz এর মতো।

**H** যে সব শব্দের শেষে o আছে তাদের সাথে সাধারণত es যোগ দেওয়া হয়, যার উচ্চারণ হয় z এর মতো। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| hero | heroes |
| potato | potatoes |
| mango | mangoes |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| buffalo | buffaloes |
| volcano | volcanoes |
| echo | echoes |

**I** যে সব শব্দের শেষে y আছে সেগুলি plural হলে y এর পরিবর্তে ies ব্যবহৃত হয়, যার উচ্চারণ হয় z এর মতো। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| baby | babies |
| city | cities |
| army | armies |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| story | stories |
| lady | ladies |
| pony | ponies |

**J** নিচের শব্দগুলির plural লিখুন এবং plural এর জন্য যোগ দেওয়া অংশ প্রথমে উচ্চারণ করুন এবং পরে লিখুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

| | *Singular* | *Plural* | *উচ্চারণ* |
|---|---|---|---|
| 1 | cap | caps | s |
| 2 | cab | cabs | z |
| 3 | rose | roses | iz |
| 4 | leaf | leaves | vz |
| 5 | bus | | |
| 6 | queen | | |
| 7 | bird | | |
| 8 | wolf | | |
| 9 | lady | | |
| 10 | roof | | |
| 11 | calf | | |
| 12 | story | | |
| 13 | potato | | |
| 14 | army | | |
| 15 | hero | | |

**K** কোনো কোনো শব্দের শেষে plural করার জন্য en বা ren যোগ দেওয়া হয়। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| ox. | oxen |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| child | children |

**L** কোনো কোনো শব্দের ক্ষেত্রে plural করার জন্য কিছু যোগ দিতে হয় না, কিন্তু শব্দের মধ্যস্থিত স্বরধ্বনি (vowel) পরিবর্তিত হয়। যেমন,

| *Sing.* | *Pl.* |
|---|---|
| man | men |
| foot | feet |
| goose | geese |

| *Sing.* | *Pl.* |
|---|---|
| woman | women |
| tooth | teeth |
| mouse | mice |

**M** কোনো কোনো শব্দের ক্ষেত্রে singular এবং pluralএ একই শব্দ ব্যবহৃত হয়। যেমন,

one sheep – many sheep
one deer – five deer

Dozen, hundred, thousand, million ইত্যাদি সংখ্যাবাচক শব্দের পূর্বে সংখ্যা বসলে plural এ পরিবর্তিত হয় না। যেমন, Five dozen, eight hundred, ten thousand, twenty million ইত্যাদি। এ সব শব্দের শেষে **s** যোগ করলে তার অর্থ হয় অনেক। যেমন, I saw there hundreds of people. (আমি সেখানে হাজার হাজার লোক দেখেছিলাম।)

**N** কিছু কিছু শব্দ আছে যেগুলি দেখতে plural এর **মতো**, অর্থাৎ এদের **শেষে s** আছে। কিন্তু এগুলির ব্যবহার singular এর **মতো**। যেমন, mathematics, physics, politics, news, innings, economics, mechanics.

Mathematics is a difficult subject.
Here is the news.
We won by an innings and ten runs.

**O** কিছু কিছু দ্বিধাবিভক্ত জিনিস, যেমন, scissors, trousers, tongs (চিমটা) কে plural হিসাবে বিবেচনা করা হয়। এদের singular হয় না। যেমন,

Where are the scissors?
My trousers are blue.

**P** Compound words কে plural করতে হলে এর প্রধান শব্দটিকে plural করতে হয়। যেমন,

| *Singular* | *Plural* |
|---|---|
| passer-by | passers-by |
| son-in-law | sons-in-law |
| maid-servant | maid-servants |
| step-son | step-sons |

**Q** Plural করুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1. A child is playing in the field.
   Children are playing in the fields.
2. She is a woman.
   They are women.
3. A bus is coming.
4. A potato is a vegetable.
5. We have a deer and a sheep.
6. A passer-by came to help her.
7. He caught a thief.
8. A lady is waiting for you.
9. The boy has lost a tooth.
10. This is my box.

**R** নিচের noun গুলিকে singular এবং plural এই দুই ভাগে সাজান। Singular হলে তার plural লিখুন, এবং plural হলে তার singular লিখুন।

story, boxes, mathematics, sheep, women, oxen, maid-servant, geese, mango, knives, gulf, babies, wives, army, picture, queens, roses, brush, echo, news.

## Possessive

**A** নিচের sentence গুলি দেখুন।

This is Jamal's book.

The girl's dress is beautiful.

উপরের sentence দুটিতে Jamal এবং girl এর সাথে **'s** যোগ দেওয়া হয়েছে book এবং dress টি কার তা বোঝানোর জন্য। অর্থাৎ **'s ব্যবহার করে অধিকার বা possession বোঝানো হচ্ছে। এজন্য একে possessive** বলা হয়।

আমরা আগে দেখেছি যে plural এর জন্যও noun এর সাথে **s** যোগ দেওয়া হয়। আবার possessive এর জন্যও **s** যোগ দেওয়া হয়। plural এর **s** এর সাথে possessive এর **s** এর পার্থক্য বোঝানোর জন্য possessive এর **s** এর পূর্বে উর্ধ্বকমা বা apostrophe (') বসানো হয়। অবশ্য এটা কেবলমাত্র লেখার ব্যাপার। D"Pv¡i‡Yi সময় plural এর **s** এবং possessive এর **s** এর মধ্যে কোনো পার্থক্য নেই। তবে ব্যবহারে কিছু পার্থক্য আছে।

সাধারণত possessive - 's ব্যবহৃত হয় জীবিত প্রাণী, বিশেষ করে মানুষের সাথে। Proper noun বা ব্যক্তি বিশেষের নামের plural হয় না, কিন্তু possessive হয়। যেমন, Belal's bag, Rana's shirt ইত্যাদি।

আমরা পূর্বের lesson এ দেখেছি plural এর জন্য সব সময় **s** ব্যবহৃত হয় না, এর কিছু ব্যতিক্রম আছে। যেমন, man - men, child - children। কিন্তু possessive - 's এর বেলায় কোনো ব্যতিক্রম নেই। যেমন, man - man's, child - child's.

এ ছাড়া আমরা আগে দেখেছি যে compound noun কে plural করতে হলে প্রধান শব্দটির সাথে **s** যোগ দিতে হয়। কিন্তু possessive এর বেলায় **s** সব সময় শেষে যোগ দিতে হয় যেমন,

| *Compound Nouns* | *Plural* | *Possessive* |
|---|---|---|
| son-in-law<br>passer-by | sons-in-law<br>passers-by | son-in-law's<br>passer-by's |

**B** Plural noun এর possessive করতে হলে নিম্নলিখিত নিয়ম পালন করতে হয়।

১ যদি শব্দটি **s** এ শেষ হয় তবে লেখার সময় শব্দের শেষে কেবলমাত্র (') চিহ্ন দিতে হয়। যেমন, boy's school, girls' dresses। এই চিহ্নের কোনো উচ্চারণ হয় না। তবে যদি মানুষের নাম **s** এ শেষ হয় তবে সাধারণত **'s** যোগ দেওয়া হয়। যেমন, James's father, Jones's dictionary। এসব ক্ষেত্রে **'s** এর উচ্চারণ হয় iz এর মতো।

২ যদি শব্দটির শেষে **s** না থাকে তবে **'s** যোগ দিতে হয়। যেমন, men - men's, children - children's, sons-in-law – sons-in-law's ইত্যাদি।

**C** এটা খেয়াল রাখা দরকার যে জড় পদার্থের বেলায় সাধারণত **'s** ব্যবহার করা হয় না, সেখানে of ব্যবহার করা হয়। যেমন,

The roof of the house. (The house's roof নয়)

The legs of the table. (The table's legs নয়)

**D** তবে সময় সম্পর্কিত noun এর সাথে **'s** যোগ দেওয়া হয়। যেমন,

A day's journey, a week's holiday, the hundred years' war ইত্যাদি।

**E** Possessive ব্যবহার করে সবসময়ই যে অধিকার বোঝায় তা নয়। এর অন্য অর্থও হয়। যেমন,

A boys' school – ছেলেরা পড়ে যে স্কুলে

Children's park – শিশুদের ব্যবহারযোগ্য পার্ক

Abedin's painting – আবেদীন অঙ্কিত ছবি (অন্য কেউ ছবির মালিক হলেও)

**F** নিচের phrase গুলি of দিয়ে লেখা হয়েছে। এগুলি **'s** ব্যবহার করে লিখুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 The coat of the boy
The boy's coat
2 The dresses of the ladies
The ladies' dresses
3 A holiday of a week
4 The mother of the children
5 The school of the girls
6 The name of my son-in-law
7 The journey of a day
8 The house of Charles
9 The daughter of my friend
10 The songs of Tagore

**LESSON 5**

## The Use of Articles

**A** নিচের sentence গুলি দেখুন।
I have a raincoat and an umbrella.
The raincoat is new but the umbrella is old.

ইংরেজি ভাষায় a, an, এবং the এই তিনটি article আছে, যার নমুনা আমরা উপরের দুটি sentence এ পাচ্ছি। **A এবং an কে বলা হয় indefinite article কারণ এগুলো অনির্দিষ্ট।** আমরা আগেই দেখেছি যে countable noun যদি singular এ ব্যবহৃত হয় তবে তার পূর্বে a অথবা an বসাতে হয়।

**B** **'The' কে বলা হয় definite article, কারণ এর দ্বারা নির্দিষ্ট করে কোনো ব্যক্তি বা বস্তুকে বোঝানো হয়।** যেমন,
<u>The</u> girl sitting next to you is my sister.
<u>The</u> film I saw yesterday was interesting.
এই দুটি sentence এ the ব্যবহার করে **কোনো** নির্দিষ্ট বালিকা বা ফিল্মকে বোঝানো হয়েছে।

**C** আমরা আগে দেখেছি যে uncountable noun এর আগে a বা an বসে না, কিন্তু the বসতে পারে। যেমন,
The tea you gave me was cold.
The water of this lake is saline.
এখানে নির্দিষ্ট **কোনো** চা বা পানির কথা বলা হয়েছে।

**D** Definite article 'the' আরও অনেকভাবে ব্যবহৃত হয়। যেমন,
The cow is a useful animal.
The cat is a domestic animal.
এসব স্থানে 'the' ব্যবহার করে cow বা cat জাতিকে বোঝানো হচ্ছে।
তবে খেয়াল রাখবেন যে man বা woman কে জাতি হিসাবে বোঝাতে হলে the ব্যবহার করা হয় না। যেমন,
Man is mortal.
Woman is man's mate.

*E* নদ-নদী, সাগর, উপসাগর, পর্বতমালা, দ্বীপপুঞ্জ ইত্যাদির নামের পূর্বে the বসাতে হয়। যেমন,
The Padma, the Ganges
The Indian Ocean
The Bay of Bengal
The Himalayas
The Maldives ইত্যাদি।

*F* ধর্মগ্রন্থের নামের আগে the বসে। যেমন,
The Holy Quran,
The Bible
The Vedas ইত্যাদি।

*G* জাতির আগে the বসে কিন্তু ভাষার নামের আগে the বসে না। যেমন,
English is the language of the English.

*H* যেসব জিনিস মাত্র একটাই আছে তার আগে the বসে। যেমন,
The sun, the moon, the earth, the sky, the east, the west, the north, the south ইত্যাদি।

*I* Superlative এর পূর্বে এবং ordinal number এর পূর্বে the বসে। যেমন,
The tallest tree, the most beautiful girl, the first girl, the tenth chapter ইত্যাদি।

*J* কোনো কোনো সময় adjective এর আগে the বসানো হয়, সেটাকে noun অর্থে ব্যবহার করার জন্য। যেমন,
The rich are not always happy.
We must all help the poor.

*K* Indefinite article 'a' বা an ব্যবহার করে এক জাতীয় প্রাণীর প্রত্যেকটিকে বোঝানো যায়। যেমন,
A cow gives milk. (= Every cow)
An elephant is a large animal. (= Every elephant)

*L* নিচের শূন্যস্থানে a, an বা the বসান। যদি কোনো article এর প্রয়োজন না থাকে তবে x চিহ্ন বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 The man who came to see you is _an_ honest man.
2 _x_ Honesty is _the_ best policy.
3 I met him _ _ _ year ago.
4 Dhaka is _ _ _ capital of Bangladesh.
5 _ _ _ Himalayas is to _ _ _ north of India.
6 I saw _ _ _ one-eyed may
7 _ _ _ dog is _ _ _ faithful animal.
8 _ _ _ earth goes round _ _ _ sun.
9 January is _ _ _ first month of _ _ _ year.
10 _ _ _ English is _ _ _ difficult language.

## ANSWER KEY

*Lesson 1*

| | | |
|---|---|---|
| **G** | 5 | cattle (CL) field (C) |
| | 6 | Solomon (P) king (C) |
| | 7 | The Padma (P), the Jamuna (P), the Meghna (P) rivers (C) |
| | 8 | Childhood (A), part (C), life (C) |
| | 9 | grocer (C), rice (M), sugar (M), oil (M), spices (C) |
| | 10 | army (CL), brother (C), navy (CL) |
| | 11 | elephant (C), animal (C) |
| | 12 | Friday (P), Rehana (P), aunt (C) |

*Lesson 2*

| | | | | |
|---|---|---|---|---|
| **D** | 3 | a, x | 4 | a, a, an |
| | 5 | x, x, x | 6 | A, a |
| | 7 | a, x, a | 8 | A, x |
| | 9 | x, x | 10 | an |
| | 11 | An, a | 12 | x, x |

*Lesson 3*

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **B** | 4 | an | 5 | an | 6 | A | 7 | an |
| | 8 | a, an | 9 | an, a | 10 | a, an | | |

| | | | | |
|---|---|---|---|---|
| **J** | 5 | buses - iz | 6 | queens - z |
| | 7 | birds - z | 8 | wolves - vz, |
| | 9 | ladies - z, | 10 | roofs - s |
| | 11 | calves - vz | 12 | stories - z, |
| | 13 | potatoes - z | 14 | armies - z |
| | 15 | heroes - z | | |

| | | |
|---|---|---|
| **Q** | 3 | Buses are coming. |
| | 4 | Potatoes are vegetables. |
| | 5 | We have deer and sheep. |
| | 6 | Passers-by came to help her. |
| | 7 | He caught thieves. |
| | 8 | Ladies are waiting for you. |
| | 9 | Boys have lost teeth. |
| | 10 | These are my boxes. |

**R** *Sing.* - *Pl.* *Sing.* - *Pl.*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| story | - | stories | gulf | - | gulfs |
| box | - | boxes | baby | - | babies |
| mathematics | - | x | wife | - | wives |
| sheep | - | sheep | army | - | armies |
| woman | - | women | picture | - | pictures |
| ox | - | oxen | queen | - | queens |
| maid-servant | - | maid- servants | rose | - | roses |
| goose | - | geese | brush | - | brushes |
| mango | - | mangoes | echo | - | echoes |
| knife | - | knives | news | - | x |

*Lesson 4*

| | | | | |
|---|---|---|---|---|
| **F** | 3 | A week's holiday | 4 | The children's mother |
| | 5 | The girls' school | 6 | My son-in-law's name |
| | 7 | A day's journey | 8 | Charles's house |
| | 9 | My friend's daughter | 10 | Tagore's songs |

*Lesson 5*

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **L** | 3 | a | 4 | the | 5 | The, the | 6 | a |
| | 7 | The/A, a | 8 | The, the | 9 | the, the | 10 | x, a |